# পঞ্চম উপজেলা পরিষদের ৪৮ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ,কানাইঘাট
তারিখ : ১৫ মে ২০২৩
সময় : সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা ; পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বিগত ২০২২ ইং সনের পর পর দুইবারের বন্যার সময় হাসপাতালের একটি গাছ ঝড়ে পড়ে যায়। উক্ত ঝড়ে পড়া গাছটি কর্তন ও অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাকে অনুরোধ জানান। | ২০২২ ইং সনের পর পর দুইবারের বন্যার সময় হাসপাতালের ভিতরে ঝড়ে পড়া গাছটি কর্তন করে বিধি মোতাবেক নিলামের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা সভায় জানান, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা, কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, মাধ্যমিক শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে নিয়মিত নিবিড় পরিদর্শনসহ বিভাগের সকল কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)/২০২২-২৩ এর আওতায় অনুমোদিত পিআইসি প্রকল্পগুলোর কাজ প্রায় শেষ পার্যায়ে এবং ঠিকাদারের মাধ্যমে যে কাজ সেগুলো দ্রুত শেষ করা হবে বলে সভাকে অবহিত করেন।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদে মডেল মসজিদ নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের কেন্দ্রীয় জামে মসজিদ ভবন অপসারণ ও গাছপালা কর্তন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা সমাজসেবা অফিস সংলগ্ন বিএডিসি দু'তলা জরাজীর্ণ পরিত্যক্ত ভবন অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা | ক) উপজেলা পরিষদের মডেল মসজিদ নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের কেন্দ্রীয় জামে মসজিদ ভবন অপসারণ ও গাছপালা কর্তনের জন্য বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) উপজেলা সমাজসেবা অফিস সংলগ্ন বিএডিসি দু'তলা জরাজীর্ণ পরিত্যক্ত ভবন অপসারণের জন্য বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) Ansar VDP Residential Building এর পার্শ্বের ড্রেন সংযুক্ত হয়ে উপজেলা পরিষদের কোয়াটারের ভিতরের ড্রেন নির্মাণ | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, Ansar VDP Residential Building এর পার্শ্বের ড্রেন সংযুক্ত হয়ে উপজেলা পরিষদের কোয়ার্টারের ভিতরের ড্রেন নির্মাণ করণ বাবদ ৪,৩৭,৫০০/-(চার লক্ষ সাঁইত্রিশ হাজার পাঁচশত) টাকার প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। উক্ত প্রকল্প উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের নিমিত্ত প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণের প্রস্তাব করেন। সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রস্তাবটি গৃহীত হয়।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)২০২২-২০২৩ এর আওতায় (ক) সিলেট (টিলাগড়)-গাছবাড়ী জিসি-কানাইঘাট উপজেলা হেডকোয়ার্টার সড়কের গাছবাড়ী বাজার অংশে অধিক ক্ষতিগ্রস্থ অংশ মেরামত করণ = ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা এবং (খ) ২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউনিয়নের খুকুবাড়ী সুরমা ডাইক হতে উত্তর লক্ষীপ্রসাদ বশিরের বাড়ী পর্যন্ত মাটি দ্বারা উন্নয়ন = ১,৩২,০০০/-(এক লক্ষ বত্রিশ হাজার) টাকার প্রকল্প অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | করণ বাবদ ৪,৩৭,৫০০/-(চার লক্ষ সাঁইত্রিশ হাজার পাঁচশত) টাকার প্রাক্কলন অনুমোদন করা হয়। বর্ণিত প্রকল্পের ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে হতে বাস্তবায়নের নিমিত্ত প্রশাসনিক অনুমোদন গ্রহণের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>ঘ) বর্ণিত প্রকল্পগুলো যাচাই-বাছাই করে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বিগত রবি মৌসুমের বোরো ধান (৬২৫১ হেক্টর) সফলভাবে কর্তন সম্পন্ন হয়েছে। আউশ ধানের আবাদ মাঠে চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br>তিনি আরোও জানান যে, উপজেলা কৃষি অফিসের সাথে ১২০০ বর্গফুটের উপজেলা কেন্দ্রীয় যন্ত্রপাতি সংরক্ষণাগার ভবন নির্মাণের কাজ শুরু হবে। উক্ত ভবন নির্মাণের জায়গায় উপজেলা পুরাতন ও পরিত্যক্ত, জরাজীর্ণ কৃষি গুদাম রয়েছে। নতুন ভবন নির্মাণের স্বার্থে পুরাতন পরিত্যাক্ত,জরাজীর্ণ গুদাম ভবনটি জরুরী ভিত্তিতে অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। | উপজেলা কৃষি অফিসের সাথে ১২০০ বর্গফুটের উপজেলা কেন্দ্রীয় যন্ত্রপাতি সংরক্ষনাগার ভবন নির্মাণের স্বার্থে পুরাতন পরিত্যাক্ত, জরাজীর্ণ কৃষি গুদাম ভবনটি অপসারণের জন্য বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা /উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ০১। মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ এবং মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ বিধিমালা -১৯৮৫ অনুযায়ীঃ- ক) নদী-নালা, খাল-বিল স্থায়ী স্থাপনা স্থিরকৃত জাল,বাঁধা জাল,কাঁথা জাল,চট জাল,বেল জাল, বেড় জাল, মশারী জাল,টানা জাল, জগৎ বেড় জাল, চায়না দুয়ারী জাল বা রিংজাল দিয়ে প্রাকৃতিক জয়াশয়ে মাছধরা বা আহরণ করা সম্পূর্ণ নিষিদ্ধ।<br>খ) কারেন্ট জাল তৈরি,আমদানী, বাজারজাতকরণ মজুদ, পরিবহন,বিক্রয় ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।<br>গ) এপ্রিল থেকে আগস্ট মাস পর্যন্ত মা ও ডিমওয়ালা মাছ শোল, টাকি,গজার ও অন্যান্য দেশী মাছের পোনা ধরা, ক্রয় বিক্রয় পরিবহন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইত্যাদি সম্পূর্ণ নিষিদ্ধ।<br>০২। মৎস্য অধিদপ্তর,বাংলাদেশ,ঢাকা কর্তৃক প্রকৃত জেলেদের প্রদানের নিমিত্তে উপজেলা মৎস্য অধিদপ্তর কর্তৃক জেলেদের FID CARD প্রদানের নিমিত্তে উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, কানাইঘাট,সিলেট- এ জেলে নিবন্ধন কার্যক্রমে সঠিক জেলে নিবন্ধনের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের সহযোগিতা কামনা করেন। | | |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে বয়স্ক ভাতা মাসিক ১০০ (একশত)টাকা হারে এবং বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা মাসিক ৫০ টাকা হারে বৃদ্ধি পাবে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে টিআর,কাবিখা/কাবিটা এর ১ম পর্যায়ের অগ্রগতি ১০০% এবং ২য় পর্যায়ের কাজের অগ্রগতি প্রায় ৮০% সমাপ্ত করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | উপজেলা ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, প্রশিক্ষণ - চলতি অর্থ বৎসরে এ পর্যন্ত ০৬(ছয়)টি ব্যাচে ১৮০ জন যুবক/যুব মহিলা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>যুবঋণ_ চলতি অর্থ বছরে ৬০(ষাট)জন যুবকে ১৩,৭০,০০০/-(তের লক্ষ সত্তর হাজার) টাকা যুবঋণ বিতরণ করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) প্রতিনিধি সভায় জানান, জিওবি ইউনিসেফ প্রকল্পের আওতায় ৪০(চল্লিশ)টি ফ্লাড রেজিলিয়েন্স গভীর নলকূপ এর কাজ শুরু হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২০ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বোরো-২৩ মৌসুমে অত্র উপজেলায় লক্ষ্যমাত্রা ৪৮৮ টন ধান ও ২৬১২ মে.টন চালের লক্ষ্যমাত্রা ইতোমধ্যে পাওয়া গিয়াছে। উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভা করা হয়েছে এবং এপসে কৃষক নিবন্ধনের জন্য লিফলেট বিতরণসহ প্রচার প্রচারনা করা হয়েছে। নির্দিষ্ট সংখ্যক আবেদন পড়ার পর লটারির মাধ্যমে ধান সংগ্রহ কার্যক্রম শুরু করা হবে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২১ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক কানাইঘাট শাখার অধীনে এপ্রিল-২০২৩ মাসে ঋণ বিতরণ হয়েছে ২৬.০০ (ছাব্বিশ লক্ষ) টাকা এবং ৩২.০০(বত্রিশ লক্ষ)টাকা ঋণ আদায় করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২২ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৩ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ১৪ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০৮ টি এবং ২২৯ টি মামলা অনিষ্পত্তি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | (ক) সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৪ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে ২০.০ হেক্টর উডলট বাগান,১২.০ কি:মি: স্ট্রীপ বাগান এবং ১০০০ টি বিভিন্ন প্রজাতির গাছের চারা উপজেলার বিভিন্ন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিষ্ঠানে রোপন করেছেন। ২০২১-২০২২ অর্থ বছরে ১৫.০ হেক্টর উডলট ২০.০ কি:মি: স্ট্রীপ বাগান এবং ৫০০০ টি বিভিন্ন প্রজাতির গাছের চারা উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানে রোপন করেছেন। বিগত ২০২২ সনের প্রলয়ংকারী বন্যায় উপজেলার সবকটি প্রতিষ্ঠানে বন্যার পানি প্রবেশ করে রোপিত চারাগুলো বিনষ্ট করে ফেলেছে। তাছাও উডলট বাগান ও স্ট্রীপ বাগানে স্থানীয়দের গবাদি পশু অবাধে বিচরন করে রোপিত চারার ক্ষতি সাধন করিতেছে। চারাগুলো রক্ষার জন্য স্থানীয় জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরোও জানান যে, চলতি অর্থ বৎসরে মে-২০২৩ মাসে সুমদয় বাগানের রোপিত চারা রক্ষনাবেক্ষণের কাজ শুরু হয়েছে যা এখনও অব্যাহত। বর্তমানে বাগানগুলো সফল ভাবে পরিণত হয়েছে। তিনি চারাগুলো রক্ষা করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| ২৫ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারিণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে।<br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |
| ২৬ | হাট-বাজার ইজারা সংক্রান্ত | ১৪৩০ বংলা সনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তিটি ০২(দুই)টি দৈনিক পত্রিকায় প্রকাশের বিল ভ্যাটসহ সর্বমোট = ৬১,৭১৪/-(একষট্টি হাজার সাতশত চৌদ্দ) টাকার বিল পরিশোধের নিমিত্ত্বে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>১৪২৮,১৪২৯,১৪৩০ বংলা সনে হাট-বাজার ইজারাজনিত খরচ আনুযাংগিক বাবদ ব্যয় সর্বমোট = ৭৪,৯৪০/-(চুয়াত্তর হাজার নয়শত চল্লিশ) টাকা পরিশোধের নিমিত্ত্বে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ২৭ | বিবিধ | ১. সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত ও জ্বালানী ব্যয়; (খ) | উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুখ্য নির্বাহী কর্মকর্তা ও |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা পরিষদ চেয়ারম্যান /ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা /ভ্রমণ ভাতা; (গ) পাম্প চালক, মালি, ও সুইপারের বেতন ভাতা বাবদ(ঘ) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ ব্যয় (ঙ) ইন্টারনেট বাবদ ব্যয়;(চ) গ্যাস ক্রয় ব্যবদ ব্যয়; (ছ)ফরমালিন, ক্ষতিকারক রাসায়নিক দ্রব্য সনাক্তকরণ কিট ক্রয় বাবদ ব্যয়;(জ) জোঁপ-জাড় পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ ব্যয়; (ঝ) মশা নিধন বাবদ ব্যয়; (ঞ) উপজেলা পরিষদ কার্যালয়ে কম্পিউটার, প্রিন্টার, মডেম, পেনড্রাইভ ক্রয় ও অন্যান্য আনুষাংগিক বাবদ ব্যয়;(ট) উপজেলা পরিষদের জীপ গাড়ী মেরামত বাবদ ব্যয়(ঠ) ভুমি উন্নয়ন;(ড)টেলিফোন বিল(ঢ)বিদ্যুৎ বিল বাবদ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট।

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.১৬৬(৩৬)

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪৩০ / ১৫ মে ২০২৩

১। মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৯। উপজেলা ---------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান , -------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব -------------------------------------- কানাইঘাট, সিলেট
১২। অফিস কপি

১৫/০৫/২০২৩
সুমন্ত ব্যানার্জি
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কানাইঘাট, সিলেট

CamScanner

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সুমন্ত ব্যানার্জি | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মোছাঃ খাদিজা বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা) ,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব তমিজ উদ্দিন | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ জামাল উদ্দিন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো ঃ আবু তাইয়্রীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মো: আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো: আফসার উদ্দিন | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মোঃ লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নংঝিংগাবাড়ী ইউ/পি , কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব শামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব ডাঃ সুবল চন্দ্র বর্মন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ এমদাদুল হক | উপজেলা কৃষি কর্মকর্তা. কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মো: সফিকুল হক ভুইয়া | উপজেলা মৎস্য কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব ডা: নবনিতা সরকার | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব গোলাম দস্তগীর | অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মো: আবু হানিফা | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব গোপাল সূত্রধর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মো: তারিকুল ইসলাম | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব অনুপ কান্তি দাস | প্রতিনিধি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব আব্দুল আওয়াল | প্রতিনিধি উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব কমলা আক্তার | প্রতিনিধি,উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব জয়নাল আবেদীন | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব উজ্জ্বল ভট্টাচার্য্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব ফয়ছল আহমদ | প্রতিনিধি উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মো: এনামুল হক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব মোছা: ফাহমিদা খানম | উপজেলা তথ্য আপা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | মেয়র, কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট |
| ০২ | ভাইস চেয়ারম্যান ,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট |
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার ,কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৬ | উপজেলা সমবায় কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৭ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ এর,কানাইঘাট,সিলেট |



CamScanner